

আমাদের মমু

ফেনীতে মহাসড়ক অবরোধ পলিটেকনিক শিক্ষার্থীদের

ফেনী ও পলাশবাড়ী (গাইবান্ধা) প্রতিনিধি

১৯ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৯ জানুয়ারি ২০২১ ০০:৪২

আমাদের মমু

চার দফা দাবিতে ফেনীর মহীপালে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে যান চলাচল বন্ধ রাখেন পলিটেকনিক শিক্ষার্থীরা। গতকাল সোমবার শিক্ষার্থীদের এই অবরোধের ফলে ১ ঘণ্টা যান চলাচল বন্ধ থাকে। এ ছাড়া গাইবান্ধার পলাশবাড়ীতে একই দাবিতে মানববন্ধন হয়েছে।

ফেনীতে মহাসড়ক অবরোধের ফলে ভাগাত্তিতে পড়েন চালক ও যাত্রীরা। শিক্ষার্থীদের দাবি- তাদের অন্য শিক্ষার্থীদের মতো অটোপাস দিতে হবে। না হয় তারা এভাবে আন্দোলন চালিয়ে যাবেন। তাদের বক্রব্য, কাউকে অটোপাস দেবে আর কাউকে দেবে না- এমন বৈষম্য হতে পারে না।

কারিগরি ছাত্র অধিকার আন্দোলনের শিক্ষার্থী সাহেদ, সাবির ও সাগর জানান, তাদের চার দফা দাবি হচ্ছে- কোনোভাবেই তারা এক বছর লস মানবেন না। স্থগিত হওয়া তৃতীয়, চতুর্থ ও ষষ্ঠ পর্বের তাত্ত্বিক পরীক্ষাগুলোয় অটোপাস দিয়ে ব্যবহারিক পরীক্ষাগুলো পরবর্তী পর্বের সঙ্গে সংযুক্ত করে দেওয়া হোক এবং প্রথম, তৃতীয়, পঞ্চম ও সপ্তম পর্বের ক্লাস চালু করে শর্ট সিলেবাসে পরীক্ষা নিতে হবে। অতিরিক্ত ফি প্রত্যাহার এবং প্রাইভেটে পলিটেকনিকের সেমিস্টার ফি মওকুফ করতে হবে। এ ছাড়া সব প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রাত্মাদের জন্য আসন বরাদ্দ করতে হবে। মহীপাল হাইওয়ে থানার ওসি আসাদুজ্জামান বলেন, মহাসড়ক অবরোধের কথা শোনামাত্রই আমরা সেখানে উপস্থিত হই। শিক্ষার্থীরা সড়ক অবরোধ করলে দুদিকে যান চলাচল বন্ধ হয়ে যায়। মুহূর্তের মধ্যে পুলিশ প্রশাসন তাদের সঙ্গে আলোচনা করে যান চলাচল স্বাভাবিক করে।

অন্যদিকে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন গাইবান্ধার পলাশবাড়ী পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থীরা। গতকাল দুপুর ১২টা থেকে ঘণ্টাব্যাপী মানববন্ধন পৌর শহরের চৌমাথা মোড়ে অনুষ্ঠিত হয়। এ সময় বক্রব্য রাখেন পলাশবাড়ী

পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থী আকাশ ম-ল, জিম সরকার, রাকিব হাসান, মামুনুর রশিদ সুমন, রিফাত সরকার প্রমুখ। বক্তরা বিষয়গুলো সমাধানের জন্য প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর সুদৃষ্টি কামনা করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মতুন খাতোর পৈনিক

আমাদের মমতা

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)